যদ্যপি "যদুত্তমঃশ্লোকগুণানুবাদঃ"—এই শ্লোকে গুণানুবাদের কথাই উল্লেখ করা হইয়াছে, উপলক্ষণে রূপ ও লীলাকথার সৌষ্ঠব গৃহীত হইয়াছে, তথাপি গুণকীর্ত্তণের প্রাধান্যরূপে নির্দ্দেশ থাকায় পৃথক্‌রূপে গুণকীর্ত্তনের কথা উল্লেখ করা হইয়াছে। এইপ্রকার পর পর যে কোনও এক অঙ্গভক্তির কথা উল্লেখ করা হইবে, সেই সেই স্থানেও অন্য অঙ্গভক্তির কথা বুঝিয়া লইতে হইবে। এস্থানের অভিপ্রায় এই যে—যেমন ভগবৎ গুণ-কীর্ত্তনের মহিমা, তেমনই নামরূপ লীলা-কীর্ত্তনেরও সমান মহিমা বুঝিতে হইবে। মূল শ্লোকে "কৃষ্ণেঽমলাং ভক্তিমভীপ্সমানঃ" এই স্থানে 'অমলা' শব্দের অর্থ মোক্ষ প্রভৃতি বাঞ্ছারহিতা এবং ভক্তি শব্দের অর্থ প্রেমভক্তি। অর্থাৎ যে জন শ্রীকৃষ্ণের চরণ-কমলে মোক্ষ প্রভৃতি কামনাশূন্য প্রেমভক্তি ইচ্ছা করিবে, সে জন নিরন্তর নিখিল অমঙ্গল বিনাশক শ্রীহরিগুণানুবাদ শ্রবণ কীর্ত্তন করিবে। ২৫০।

কিঞ্চ—যত্রোত্তমঃশ্লোকগুণানুবাদঃ প্রস্তূয়তে গ্রাম্যকথাবিঘাতঃ। নিষেব্যমানোঽনুদিনং মুমুক্ষোর্মতীং সতীং—যচ্ছতি বাসুদেবে॥ ২৫১॥

মুমুক্ষোরপি কিং পুনর্ভক্তিমাত্রেচ্ছোঃ। সতীং মুমুক্ষাদ্যন্যকামনারহিতাম্। তদন্যা তু ব্যভিচারিণীতিভাবঃ॥ ৮॥ ১২॥ শ্রীব্রাহ্মণো রহূগণম্॥ ২৫১॥

৫।১২ অধ্যায়ে শ্রীজড়ভরত মহাশয় সৌবীর দেশের অধিপতি রহূগণ মহারাজকে বলিয়াছিলেন—হে রাজন্! যেস্থানে উত্তমশ্লোক শ্রীভগবানের ভক্তবাৎসল্য গুণাদির নিয়ত কীর্ত্তন হয়, সেস্থানে গ্রাম্যকথা হইতে পারে না। যে জন প্রতিদিন প্রীতি ও আদরের সহিত সেই হরিগুণানুবাদ শ্রবণ করেন, সে জন যদি মুক্তিকামীও হন, তাহা হইলেও হরিগুণ শ্রবণ প্রভাবে ভগবান্ শ্রীবাসুদেবে মুক্তিইচ্ছা প্রভৃতি কামনাশূন্য মতিলাভ করেন, অর্থাৎ হরিগুণ শ্রবণ-কীর্ত্তনের এমনই প্রভাব যে, যদি কেহ ধর্ম্ম, অর্থ, কাম, মোক্ষ—এই চতুর্ব্বর্গ কামনার মধ্যে কোনও একটি কামনা লইয়াও শ্রীহরিগুণানুবাদ শ্রবণ করে, তাহা হইলে শ্রীহরিগুণ শ্রবণপ্রভাবে চিত্ত হইতে সকল কামনা ও বাসন বিদূরিত হইয়া যায় এবং শ্রীহরিচরণে প্রেমভক্তি লাভ হয়। ২৫১।

ব্যতিরেকেণ চ—নিবৃত্ততর্ষৈরুপগীয়মানাদ্ ভবৌষধাচ্ছোত্রমনোঽভিরামাৎ। ক উত্তমঃশ্লোকগুণানুবাদাৎ পুমান বিরজ্যেত বিনা পশুঘ্নাৎ। ২৫২॥

নিবৃত্তেত্যাদিবিশেষণত্রয়েণ মুক্তমুমুক্ষুবিষয়িজনানাং গ্রহণম্। পশুঘ্নো ব্যাধঃ। তস্য হি, রাজপুত্র চিরং জীব মা জীব মুনিপুত্রক। জীব বা মর বা সাধো ব্যাধ মা জীব মা মর। ইতি ন্যায়েন বিষয়সুখেঽপি তাৎপর্য্যাং নাস্তি। ন চ তদভিজ্ঞত্বমস্তি বিশেষতস্তু কথারসজ্ঞানে পরমগূঢ়ত্বাৎ সামর্থ্যং নাস্ত্যেব যথা দৈত্যস্বভাবস্য যস্য নিন্দামাত্রতাৎপর্য্যং স এব হিংসকত্বেন পশুঘ্নশব্দেনোচ্যতে। পশুঘ্নো ব্যাধঃ। সোঽপি